



“সমুদ্রে অনুসন্ধান, দেশের কল্যাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”

বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট

কক্সবাজার-৪৭৩০।

Website: www.bori.gov.bd, E-mail: info@bori.gov.bd, Phone: +88-0341152540

স্মারক নং- ৩৯.০৮.০০০০.০০৯.২২.০০১.২১-৪৬৬

তারিখঃ ২৩/০৬/২০২১খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট কর্তৃক ইন্টার্নশিপ কার্যক্রম পরিচালনা নীতিমালা, ২০২১

দেশে ওশানোগ্রাফি উন্নয়ন ও মানব কল্যাণে এর প্রয়োগের ক্ষেত্রে উপযুক্ত গবেষণা সুবিধা ও দক্ষ জনবল অন্যতম প্রধান বাধা। বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বিওআরআই) আধুনিক ভৌত ও অবকাঠামোগত সুযোগসুবিধা ব্যবহার করে দক্ষ বিজ্ঞানীদের মাধ্যমে ওশানোগ্রাফি সংক্রান্ত বিষয়ে দেশের বিভিন্ন সরকারী-বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ইন্টার্নশিপ এর সুযোগ প্রদান করতে পারে। এর মাধ্যমে শিক্ষার্থীগণ ওশানোগ্রাফি সংক্রান্ত বিভিন্ন কলাকৌশল সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা লাভের পাশাপাশি বিওআরআইতে চলমান বিভিন্ন গবেষণা কার্যক্রমে অংশগ্রহণের প্রত্যক্ষ সুযোগ লাভ করবে। উপরোক্ত উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট কর্তৃক ইন্টার্নশিপ কার্যক্রম পরিচালনা নীতিমালা প্রণয়ন করা হলো।

১। সংক্ষিপ্ত শিরোনাম

- (ক) এই নীতিমালা বিওআরআই কর্তৃক ইন্টার্নশিপ কার্যক্রম পরিচালনার নীতিমালা-২০২১ নামে অভিহিত হবে।
(খ) এই নীতিমালা বিওআরআই-এর পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত হওয়ার পর কার্যকর হবে।

২। সংজ্ঞাঃ এই নীতিমালায় যা বুঝায় –

- (ক) মহাপরিচালক বলতে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের মহাপরিচালক।
(খ) ইনস্টিটিউট/বিওআরআই বলতে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট।
(গ) বিশ্ববিদ্যালয় বলতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত বাংলাদেশের সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়।
(ঘ) গবেষণা বিভাগ বলতে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট এর গবেষণা উইংয়ের অন্তর্গত বিভাগ/সেন্টারসমূহ।

৩। আগ্রহী ছাত্র-ছাত্রীদের যোগ্যতা ও নিয়মাবলী

- ৩.১। ইন্টার্নশিপের মেয়াদ হবে সর্বোচ্চ ৪ (চার) সপ্তাহ।
৩.২। আগ্রহী ছাত্র-ছাত্রীদের স্নাতক (সম্মান) শেষবর্ষ বা মাস্টার্সে অধ্যয়নরত হতে হবে।
৩.৩। ইন্টার্নশিপে অংশগ্রহণ বাবদ কোন ফি প্রদান করতে হবে না। সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।
৩.৪। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীকে নিজ দ্বায়িত্বে থাকার ব্যবস্থা করতে হবে। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীকে খাওয়ার বাবদ সমুদয় খরচ নিজস্বভাবে বহন করতে হবে।
৩.৫। ইন্টার্নশিপের যাবতীয় আয়োজন বিওআরআই'র সংশ্লিষ্ট বিভাগ/বিভাগসমূহ সম্পন্ন করবে। এজন্য সুনির্দিষ্ট কোন সুপারভাইজার নিযুক্ত করা হবে না।
৩.৬। কোন বিশ্ববিদ্যালয়ের কোন একটি বিভাগ থেকে প্রতি সেমিস্টারে বিওআরআই এর কোন গবেষণা বিভাগে সর্বোচ্চ ২ (দুই) জন ছাত্র-ছাত্রী ইন্টার্নশিপের সুযোগ পাবেন। বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগ থেকে বিওআরআই এ প্রতিবছর সর্বোচ্চ ১২ (বারো) জন ছাত্র-ছাত্রী ইন্টার্নশিপের সুযোগ পাবেন।

৪। আবেদন পদ্ধতিঃ

- ৪.১। বিওআরআই'র সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করে ইন্টার্নশিপের সুযোগ আছে কিনা সে সম্পর্কে জেনে নিতে হবে।
৪.২। সুযোগ থাকলে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের প্রধান বিওআরআই'র মহাপরিচালক বরাবর লেটার হেড প্যাডে একটি পত্র প্রেরণ করবেন। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রী যে বিষয়ে ইন্টার্নশিপ করতে আগ্রহী (বিওআরআই'র এক বা একাধিক বিভাগ/সকল বিভাগ) সে বিষয়টি পত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।
৪.৩। অনুমোদিত হলে নির্ধারিত তারিখ হতে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রী ইন্টার্নশিপে অংশগ্রহণ করতে পারবে।

সোহিদ মাহমুদ বেলাল হায়দর)

মহাপরিচালক

বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়